

“কোটেশন বিজ্ঞপ্তি”

এতদ্বারা প্রকৃত পোনামাছ ব্যবসায়ী/উৎপাদনকারী/সরবরাহকারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, রমনা, ঢাকা মহোদয়ের পত্র নং-নং-৩৩.০২.০০০০.১১৭.০৪.০২১.১৯.৯৫৯, তারিখ: ২৯/০৭/২০১৯ খ্রি. ও উপজেলা জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটির সিদ্ধান্ত মোতাবেক (পত্র নং-৩৩.০২.১০৯৪.৫০১.২৭.০০১.১৪.২৬৮/১(১৫), তারিখ: ০৪/০৮/২০১৯ খ্রি.) মৎস্য অধিদপ্তরের আওতায় বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার বিভিন্ন প্রাতিষ্ঠানিক জলাশয়/বর্ষাপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমি/উন্মুক্ত জলাশয়ে পোনামাছ অবমুক্তির উদ্দেশ্যে এক লক্ষ টাকার (ভ্যাটসহ) রুইজাতীয় মাছের পোনা সরবরাহের জন্য নিম্নলিখিত শর্তস্বাপেক্ষে কোটেশন আহবান করা যাচ্ছে।

কোটেশন উত্তোলন : ০৪/০৮/২০১৯ খ্রি. হতে ১৯/০৮/২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে।
কোটেশন জমাদান : ০৪/০৮/২০১৯ খ্রি. হতে ২০/০৮/২০১৯ খ্রি. তারিখ বিকাল ৩:০০ টা পর্যন্ত।
(কোটেশনসমূহ উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়ে রক্ষিত বাঞ্ছ জমা দিতে হবে)
কোটেশন উন্মুক্তকরণ : ২০/০৮/২০১৯ খ্রি. তারিখ বিকাল ৩:৩০ টায় (কোটেশন দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) ও কোটেশন উন্মুক্তকরণ কমিটির উপস্থিতিতে কোটেশন খোলা হবে।

শর্তাবলীঃ

- কোটেশন দাতাকে নিজস্ব প্যাডে উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া বরাবরে কেজি প্রতি প্রজাতিভিত্তিক দরহার উল্লেখপূর্বক কেজি প্রতি গড় দরহার উল্লেখ করতে হবে (সংযুক্ত কোটেশনপত্র দাখিল ছক অনুযায়ী) এবং উদ্ধৃত দর অংকে ও কথায় স্পষ্ট করে লিখতে হবে। কোন প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- কোটেশন এর সাথে হালনাগাদ **ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ব্যাংক স্টেটম্যান্ট/সলভেন্সী, জাতীয় পরিচয়পত্র** এর সত্যায়িত ফটোকপি অবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।
- কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বাজারদর বিবেচনা করে সর্বনিম্ন দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদান করা হবে।
- সরবরাহকৃত প্রজাতির মিশ্রণ হবে রুই ৩০%, কাতলা ৩০%, মৃগলে/কালিবাউস/ঘনিয়া ৪০% এবং পোনামাছের আকার হবে ১০-১৫ সে.মি.।
- সরবরাহকৃত পোনা নমুনায়নের ভিত্তিতে পোনার আকার ও প্রজাতির অনুপাত নির্ধারণ করা হবে।
- কার্যাদেশে উল্লেখিত তারিখের মধ্যে সকাল ১০:০০ টা হইতে বিকাল ৪:০০ টা পর্যন্ত মৎস্য অধিদপ্তরের গঠিত মনিটরিং কমিটি, জেলা কমিটি ও উপজেলা পোনামাছ গ্রহণ ও অবমুক্তি কমিটির নিকট অবশ্যই সুস্থ, সবল, জীবিত এবং সঠিক আকারের ও প্রজাতি ভিত্তিক নির্ধারিত অনুপাতে পোনামাছ সরবরাহ করতে হবে।
- নির্ধারিত আকারের চেয়ে ছোট বা বড় পোনা এবং মৃত বা মৃতপ্রায় পোনা কোন ভাবেই গ্রহণ করা হবে না।
- কোটেশনদাতাকে নিজ খরচে পোনা পরিবহন করে উপজেলার বিভিন্ন ইউনিয়নে অবস্থিত পুকুর/জলাশয়ে সরবরাহ করতে হবে।
- নির্ধারিত জলাশয়ে পোনা সরবরাহের পর কোটেশন দাতা নিজ প্যাডে দুই প্রস্থ বিল নিম্ন স্বাক্ষরকারী বরাবরে দাখিল করবেন।
- বিল প্রদানের ক্ষেত্রে প্রচলিত বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর বাবদ অর্থ কর্তনপূর্বক বিল পরিশোধ করা হবে।
- সরবরাহকারীকে কোন প্রকার চলতি বিল পরিশোধ করা হবে না।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কোটেশন গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



(মো: ইমরান হোসেন চৌধুরী)
উপজেলা মৎস্য কর্মকর্তা
শিবগঞ্জ, বগুড়া।

তারিখঃ ০৪/০৮/২০১৯ খ্রি.

পত্র নং-৩৩.০২.১০৯৪.৫০১.২৭.০০১.১৪.২৬৯/১(৩০)

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে-

- মাননীয় সংসদ সদস্য-৩৭, বগুড়া-২ (শিবগঞ্জ)।
- উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, বগুড়া।
- জেলা মৎস্য কর্মকর্তা, বগুড়া।
- উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া।
- মেয়র, শিবগঞ্জ পৌরসভা, শিবগঞ্জ, বগুড়া।
- ভাইস চেয়ারম্যান, পুরুষ/মহিলা, উপজেলা পরিষদ, শিবগঞ্জ, বগুড়া।
- উপজেলা কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া। (কোটেশন খোলার তারিখে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হ'ল)।
- জনাব শিবগঞ্জ, বগুড়া।
- নোটিশ বোর্ড।
- অফিস নথি।

(মো: ইমরান হোসেন চৌধুরী)
উপজেলা মৎস্য কর্মকর্তা
শিবগঞ্জ, বগুড়া।

প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে নিম্নোক্ত ছক মোতাবেক দরহার উল্লেখপূর্বক কোটেশন দাখিল
করতে হবে।

বরাবর,

উপজেলা মৎস্য কর্মকর্তা
শিবগঞ্জ, বগুড়া।

বিষয়ঃ ২০১৯-২০২০ আর্থিক সালে পোনা অবমুক্তির জন্য কোটেশন দাখিল।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনার দপ্তরের কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে (পত্র নং ৩৩.০২.১০৯৪.৫০১.২৭.০০১.১৪.২৬৯/১(৩০), তারিখঃ ০৫/০৮/২০১৯ খ্রি.) জানতে পারলাম ২০১৯-২০ অর্থ বছরে মৎস্য অধিদপ্তরের আওতায় পোনামাছ অবমুক্তির জন্য দরপত্র চাওয়া হয়েছে। উক্ত কোটেশন বিজ্ঞপ্তির আলোকে আমি নিম্নোক্ত দরহার দাখিল করলাম।

ক্র.নং	প্রজাতির নাম	প্রজাতিভিত্তিক হার	পোনার আকার (সে.মি.)	প্রজাতি ভিত্তিক প্রতি কেজি দরহার (টাকা)	প্রতি কেজি গড় দরহার (টাকা)
১	রুই	৩০%	১০-১৫		
২	কাতলা	৩০%	১০-১৫		
৩	মৃগেল/কালিবাউস/ঘনিয়া	৪০%	১০-১৫		

অতএব দরপত্রটি গ্রহণ করতে মহোদয়ের মর্জি হয়।

নিবেদক
(স্বাক্ষর ও সীল)

সংযুক্তিঃ

- ১। ড্রেড লাইসেন্স
- ২। আয়কর সনদ
- ৩। ব্যাংক স্টেটম্যান্ট/সলভেন্সী
- ৪। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।